



**BENGAL
COMMERCIAL
BANK**
inspiring growth

শিক্ষার্থীদের জন্য ব্যাংকিং বা স্কুল ব্যাংকিং

স্কুল ব্যাংকিং

বাংলাদেশ ব্যাংকের আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ হলো স্কুল ব্যাংকিং। শৈশব থেকেই সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা ও আধুনিক ব্যাংকিং প্রযুক্তির সাথে ছাত্র-ছাত্রীদের পরিচিত করানোর লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীদের জন্য স্কুল ব্যাংকিং অনুমোদন করে।

স্কুল ব্যাংকিং হিসাব

- ▲ সরকার অনুমোদিত যেকোনো শিক্ষা প্রতিষ্ঠানের ১৮ বছরের কম বয়সী যেকোনো শিক্ষার্থী ব্যাংকে গিয়ে মাত্র ১০০/- টাকা প্রাথমিক জমা প্রদান করে এবং অভিভাবকের সহায়তায় একটি ব্যাংক হিসাব খুলতে পারবে। এ ধরনের ব্যাংক হিসাব পরিচালনার জন্য কোনো চার্জ/ফি আদায় করা হয় না এবং আকর্ষণীয় মুনাফা প্রদান করা হয়।

স্কুল ব্যাংকিং হিসাব খুলতে প্রয়োজন?

- ▲ ছাত্রছাত্রী ও বাবা-মা কিংবা আইনগত অভিভাবক প্রত্যেকের দুই কপি করে পাসপোর্ট সাইজের ছবি;
- ▲ জন্মনিবন্ধন সনদ বা স্কুল প্রদত্ত আইডি কার্ডের ফটোকপি কিংবা অন্য গ্রহণযোগ্য সার্টিফিকেট;
- ▲ বাবা-মা কিংবা আইনগত অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, কিংবা তাদের পরিচয়ের প্রমাণ হিসেবে ছবিযুক্ত অন্য যেকোনো ডকুমেন্ট (চেয়ারম্যানের সার্টিফিকেট/প্রত্যয়নপত্র, পাসপোর্ট এর কপি, ড্রাইভিং লাইসেন্স এর কপি ইত্যাদি);
- ▲ হিসাব খুলে প্রাথমিকভাবে জমা দেওয়ার জন্য মাত্র ১০০/- টাকা। তবে চাইলে বেশি টাকা জমা করেও হিসাব খোলা যাবে।

স্কুল ব্যাংকিং হিসাব খুললে সুবিধা

- ▲ জমানো টাকা নিরাপদে থাকবে;
- ▲ জমানো টাকার উপর ব্যাংকের প্রদত্ত আকর্ষণীয় সুদ/মুনাফা যোগ হবে;
- ▲ এটিএম কার্ড ব্যবহারের মাধ্যমে প্রয়োজনে যে কোন স্থানের এটিএম বুথ থেকে টাকা উঠানো যাবে;
- ▲ ফ্রি ইন্টারনেট ব্যাংকিং, ফ্রি এসএমএস ব্যাংকিং, অন্যান্য স্কিম ডিপোজিট করে জমানো টাকায় দীর্ঘমেয়াদি ও লাভজনক সঞ্চয় করা যাবে;
- ▲ বৃত্তি/উপবৃত্তির টাকা গ্রহণ করা যাবে;
- ▲ বামেলাহীন উপায়ে স্কুলের বেতন/ফি পরিশোধ করা যাবে;
- ▲ শিক্ষাবিমা সুবিধা গ্রহণ করা যাবে
- ▲ প্রয়োজনে ঋণ সুবিধাও গ্রহণ করা যাবে ইত্যাদি।

স্কুল ব্যাংকিং হিসাবধারীদের জন্য ঋণ সুবিধা:

- ▶ ছাত্রজীবনে স্কুল ব্যাংকিং হিসাবধারী শিক্ষার্থীগণ উচ্চশিক্ষার ক্ষেত্রে প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ক্রয়ের জন্য অভিভাবকের পরিশোধ গ্যারান্টির বিপরীতে বাংলাদেশ ব্যাংক প্রণীত ৫০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল এর আওতায় এককনামে সর্বোচ্চ পাঁচ লক্ষ টাকা পর্যন্ত ঋণ সুবিধা গ্রহণ করতে পারবে।

<https://www.bgcb.com.bd/savings-account/school-savings-account>

